# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
**BANGLADESH WATER DEVELOPMENT BOARD**


তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর) এর কার্যালয়
মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো,
পানি ভবন, (লেভেল-১)
৭২ গ্রীন রোড, ঢাকা-১২০৫।
ফোনঃ ০২-২২২২৩০১৩০

www.bwdb.gov.bd

Office of The Superintending Engneer
Directorate of
Human Resource Development BWDB,
Pani Bhaban, Level-1,
72 Green Road, Dhaka-1205.
PHONE: 02-222230130
e-mail: dir.staff.bwdb@gmail.com


স্মারক- ৪২.০১.০০০০.০৩০.১১.০২৩.২১-২৭৪

তারিখঃ ২৩ ফাল্গুন, ১৪২৮ বঙ্গাব্দ
০৮ মার্চ, ২০২২ খ্রিষ্টাব্দ

## দপ্তরাদেশ

অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের স্মারক নং-০৭.০০.০০০০.১২৮.৪২.০১৪ (অংশ-১).১১-৭২, তারিখঃ ১২-১০-২০২০ খ্রিঃ এবং পানি সম্পদ মন্ত্রণালয়ের স্মারক নং-৪২.০০.০০০০.০৩১.১১.০২৫.১৬-৩১৩ তারিখঃ ১৯-১০-২০২০ খ্রিঃ মোতাবেক প্রাপ্ত সম্মতির প্রেক্ষিতে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের গুরুত্বপূর্ণ স্থাপনা, দপ্তর এবং কলোনীর সম্পত্তি ও মালামাল রক্ষার জন্য মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদনক্রমে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত নিম্নে বর্ণিত শর্ত সাপেক্ষে ২০২১-২২ অর্থ বছরে নিম্নোক্ত দপ্তর সমূহের অনুকূলে নিরস্ত্র আনসার অঙ্গীভূতকরণের (Embodiment) অনুমতি প্রদান করা হলোঃ

| ক্রঃ নং | দপ্তরের নাম | কেপিআই শ্রেণী | ২০২১-২২ অর্থ বছরের জন্য অনুমোদিত সংখ্যা | | | |
|---|---|---|---|---|---|---|
| | | | পিসি | এপিসি | আনসার | মোট |
| ১। | মানিকগঞ্জ পানি উন্নয়ন বিভাগীয় অফিস কম্পাউন্ড ও পরিদর্শন বাংলো<br>মানিকগঞ্জ পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, মানিকগঞ্জ। | - | ০১ | - | ১২ | ১৩ |
| ২। | তত্ত্বাবধায়ক প্রকৌশলীর দপ্তর, ময়মনসিংহ পওর বিভাগীয় দপ্তর ও পরিদর্শন বাংলো<br>ময়মনসিংহ পওর বিভাগ, বাপাউবো, ময়মনসিংহ। | - | ০১ | - | ১১ | ১২<br>(পূর্বে নিয়োজিত ১ জন এপিসি ও ৮ জন আনসার সদস্যসহ মোট ৯ জনের অতিরিক্ত) |
| ৩। | ঝিনাইদহ পওর বিভাগীয় অফিস কম্পাউন্ড ও পরিদর্শন বাংলো<br>ঝিনাইদহ পওর বিভাগ, বাপাউবো, ঝিনাইদহ। | - | ০১ | ০১ | ১৮ | ২০ |
| | মোট | | ০৩ | ০১ | ৪১ | ৪৫ |

০২। **শর্তাবলীঃ**

(ক) ২০২১-২২ অর্থ বছরে উপরোক্ত সংখ্যক আনসার অঙ্গীভূতকরণের (Embodiment) মেয়াদ স্ব-স্ব কর্মক্ষেত্রে/দপ্তরে অঙ্গীভূতকরণের তারিখ হতে আগামী ৩০-০৬-২০২২ খ্রিঃ পর্যন্ত বহাল থাকবে। তবে, বোর্ড যে কোন সময় এ আদেশ বাতিল করতে পারবে।

(খ) সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সংশ্লিষ্ট জেলা অ্যাডজুট্যান্ট এর সাথে যোগাযোগ করতঃ বাস্তবতার নিরিখে বর্তমান প্রয়োজনীয়তা বিবেচনায় সর্বোচ্চ উল্লিখিত অনুমোদিত সংখ্যক আনসার অঙ্গীভূতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

(গ) বর্ণিত পিসি / এপিসি/ আনসারগণ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নং- ৪৪.০০.০০০০.১১৫.২১.০০১.৯৯-৯৩; তারিখঃ ১৪-০৫-২০১৮ খ্রিঃ মোতাবেক দৈনিক ভাতা এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নং-৪৪.০০.০০০০.১১৫.২১.০০১.৯৯-১১৩; তারিখঃ ০৮-০৬-২০১৭ খ্রিঃ মোতাবেক বছরে ২টি উৎসব ভাতা/বিশেষ ভাতা প্রাপ্য হবেন।

(ঘ) আনসার অঙ্গীভূতকরণের (Embodiment) ক্ষেত্রে ২০২১-২২ অর্থ বছরে বোর্ড হতে সংশ্লিষ্ট দপ্তরের অনুকূলে অনুন্নয়ন রাজস্ব বাজেটের "নিরাপত্তা সেবা সংগ্রহ (আনসার)" (অর্থনৈতিক কোড নং-৩২৫৩১০৩) খাতে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণ আনসার অঙ্গীভূতকরণের ব্যবস্থা গ্রহণ করবেন।

(ঙ) বেতন-ভাতাদি পরিশোধের ক্ষেত্রে কোন ব্যত্যয় হলে সংশ্লিষ্ট পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন।

(চ) পরবর্তী অর্থ বছরে আনসার অঙ্গীভূতকরণের লক্ষ্যে স্ব-স্ব প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলীগণ তার অধীনস্থ দপ্তর সমূহের চাহিদাপত্র সমন্বিত আকারে আবশ্যিকভাবে ৩১-০৫-২০২২ খ্রিঃ তারিখের মধ্যে অত্র দপ্তরে প্রেরণ নিশ্চিত করবেন।

মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

(মোঃ সাজ্জাদ হোসেন)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী(পুর)
মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর,
বাপাউবো, ঢাকা।

স্মারক নং- ৪২.০১.০০০০.০৩০.১১.০২৩.২১-২৭৪/১(৩০)

তারিখঃ ২৩ ফাল্গুন, ১৪২৮ বঙ্গাব্দ
০৮ মার্চ, ২০২২ খ্রিষ্টাব্দ

**সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী,.......................................................................................

২। নিয়ন্ত্রক (অর্থ, হিসাব ও নিরীক্ষা), বাপাউবো, ঢাকা।

৩। পরিচালক, অর্থ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা **(সংশ্লিষ্ট দপ্তরের অনুকূলে উল্লেখিত উপ-খাতে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ প্রদানের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।**

৪। সচিব/পরিচালক/তত্ত্বাবধায়ক প্রকৌশলী/প্রকল্প পরিচালক/অতিরিক্ত পরিচালক/অধ্যক্ষ........................................

৫। নির্বাহী প্রকৌশলী...........................................................................................................................

৬। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।

৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা **(দপ্তরাদেশটি বাপাউবো'র ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।**

৮। উপ-পরিচালক/হিসাব রক্ষণ অফিসার, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, ......................................................

৯। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/অর্থ/পশ্চিম রিজিয়ন/পূর্ব রিজিয়ন/পরিকল্পনা), বাপাউবো, ঢাকা।

08/03/2022
(আবু নাসের মোঃ কাসেম)
নির্বাহী প্রকৌশলী(পুর)(নিঃও পঃ)
মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর,
বাপাউবো, ঢাকা।